

ইশ্বরো জয়তি

শ্রীযুক্ত সতীশচন্দ্র মুখোপাধ্যায়ের বাটী  
গোরাবাজার, গাজীপুর  
শুক্রবার, ২৪শে জানুআরি, ১৮৯০

পূজ্যপাদেষু,

অদ্য তিন দিন যাবৎ গাজীপুরে পৌঁছিয়াছি। এ স্থানে আমার বাল্যসখা শ্রীযুক্ত বাবু সতীশচন্দ্র মুখোপাধ্যায়ের বাসাতে আছি; স্থানটি অতি মনোরম। অদূরে গঙ্গা আছে, কিন্তু স্নানের বড় কষ্ট -- পথ নাই, এবং বালির চড়া ভাঙ্গিতে বড় কষ্ট হয়। আমার বন্ধুর পিতা শ্রীযুক্ত ঈশানচন্দ্র মুখোপাধ্যায় মহাশয় -- যে মহানুভবের কথা আমি আপনাকে বলিয়াছিলাম -- এ স্থানে আছেন। অদ্য ইনি কাশীধামে যাইতেছেন, কাশী হইয়া কলিকাতা যাইবেন। আমার বড় ইচ্ছা ছিল, ইঁহার সঙ্গে পুনর্বার কাশী যাই। কিন্তু যে জন্য আসিয়াছি -- অর্থাৎ বাবাজীকে<sup>১</sup> দেখা -- তাহা এখনও হয় নাই। অতএব দুই-চারি দিন বিলম্ব হইবে। এ স্থানের সকলই ভাল, বাবুরা অতি ভদ্র, কিন্তু বড় westernized (পাশ্চাত্যভাবাপন্ন); আর দুঃখের বিষয় যে, আমি western idea (পাশ্চাত্যভাব) মাত্রেরই উপর খড়্গহস্ত। কেবল আমার বন্ধুর ও-সকল idea (ভাব) বড়ই কম। কি কাপুড়ে সভ্যতাই ফিরিঙ্গী আনিয়াছে! কি materialistic (জড়তাবের) ধাঁধাই লাগাইয়াছে! বিশ্বনাথ এই সকল দুর্বলহৃদয়কে রক্ষা করুন। পরে বাবাজীকে দেখিয়া বিশেষ বৃত্তান্ত লিখিব। ইতি

দাশ

বিবেকানন্দ

পুঃ -- ভগবান্ শূকের জন্মভূমিতে আজি বৈরাগ্যকে লোকে পাগলামি ও পাপ মনে করে! অহো ভাগ্য!

---

<sup>১</sup> গাজীপুরের বিখ্যাত যোগী পণ্ডারী বাবা